[redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সবচেয়ে বিব্রতকর পরিস্থিতিতে।

মেহেরপুরের গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা জানান, ‘গত দুদিন অভিভাবকদের সহায়তায় আমরা পরীক্ষা নেওয়ার চেষ্টা করেছি। সহকারী শিক্ষকরা দায়িত্বে না থাকায় নৈশ প্রহরীকেও সাহায্য করতে হয়েছে। কিন্তু আজ ক্লাসরুমে তালা লাগিয়ে দেওয়ায় আমরা সম্পূর্ণ অসহায় হয়ে পড়েছি।’

এ বিষয়ে গাংনী উপজেলা শিক্ষা কর্মকর্তা এসএম জয়নুল ইসলাম বলেন, ‘বিদ্যালয়ে তালা ঝুলিয়ে দেওয়ার মতো ঘটনা অত্যন্ত দুঃখজনক। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। শিক্ষার্থীদের ক্ষতি যেন না হয়, সেদিকে নজর রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

হরিণাকুণ্ডুতে প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষার ফল প্রকাশ ও মা সমাবেশ

হরিণাকুণ্ডু উপজেলার ভাতুড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশ, প্রঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের বিদায় ও বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নে মা সমাবশে অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (৩১ ডিসেম্বর) সকাল ১১টায় “বাংলাদেশকে বদলাই, বিশ্বকে বদলাই” এই শ্লোগানে তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষে বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক রোকসানা পারভীনের সভাপতিত্বে এবং সহকারী শিক্ষক জিল্লুর রহমানের সঞ্চালনায় মা সমাবশে অনুষ্ঠিত হয়।

সমাবেশে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন আব্দুর রউফ ডিগ্রি কলেজের প্রভাষক ও সাংবাদিক মোঃ শাহানুর আলম, এছাড়া সাবেক প্রধান শিক্ষক মিজানুর রহমান, অভিভাবক অহিদুল ইসলাম সেল্টু, চামেলি খাতুন, সহকারী শিক্ষক লাউজু ফারহানা ও লাইজু পারভীনসহ

অন্যান্যরা। অতিথিরা শিক্ষার্থী এবং মা’দের উদ্দেশ্যে দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন।

আলোচনা শেষে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশ ও কৃতি শিক্ষার্থীদের মাঝে পুরষ্কার বিতরণ করেণ। সমাবেশে শিক্ষার্থী, তাদের মা ও গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশ ও পুরস্কার বিতরণ

ঝিনাইদহ পৌর মডেল স্কুল এন্ড কলেজের বার্ষিক পীক্ষার ফলাফল প্রকাশ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার (২৯ ডিসেম্বর) সকালে প্রতিষ্ঠানের হল রুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঝিনাইদহ পৌর মডেল স্কুল এন্ড কলেজের সভাপতি ও পৌর সভার প্রশাসক রথীন্দ্রনাথ রায়’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রথান নির্বাহী কর্মকর্তা (উপ-সচিব) মোঃ সেলিম রেজা (পিএএ)।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি ব্যাংক মেহেরপুর শাখার সহকারী ব্যবস্থাপক মোঃ রফিকুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার মোঃ আক্কাস আলী, পৌর মডেল স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক মোছাঃ শাহানাজ পারভীন ও সহকারী শিক্ষক আল-আমীনসহ অন্যান্য শিক্ষক কর্মকর্তা কর্মচারী, অভিভাবক বৃন্দ।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে ৩য় থেকে ১০ম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের ফলাফল ঘোষণা করা হয়। এছাড়াও শ্রেষ্ঠ শিক্ষার্থী, শতভাগ উপস্থিত থাকা শিক্ষার্থীদের মাঝে ক্রেস্ট ও উপহার সামগ্রী প্রদাণ করা হয়। বিদ্যালয়ের মোট শিক্ষার্থী সংখ্যা প্রায় ৫’শতাধীক বলে জানান বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহানাজ পারভীন রিপা।

জীবননগরে অষ্টম ও নবম শ্রেণির বার্ষিক পরীক্ষায় শর্ট সিলেবাসের দাবিতে মানববন্ধন

এক দফা, এক দাবি অষ্টম ও নবম শ্রেণির বার্ষিক পরীক্ষার যৌক্তিক শর্ট সিলেবাস চাই এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা জীবননগর উপজেলায় শিক্ষার্থীরা মানববন্ধন কর্মসূচি পালন করেছে।

আজ রবিবার সকাল ১০ টায় জীবননগর বাস স্ট্যান্ড চত্বরে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ মানববন্ধনে অংশ নেয় তিনটি মাধ্যামিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা। এ সময় শিক্ষার্থীরা জীবননগর শহরের প্রধান প্রধান সড়ক প্রদিক্ষণ করে মুক্তমঞ্চে একত্রিত হয়। শিক্ষার্থীরা বিভিন্ন স্লোগানের মাধ্যমে তারা তাদের দাবি তুলে ধরেন।

শিক্ষার্থীদের পক্ষে মোছাঃ শোভা খাতুন বলেন, সারা দেশের ন্যায় আমাদের জীবননগরেও এই মানববন্ধন অনুষ্ঠিত হচ্ছে। এই মানববন্ধনের মাধ্যমে প্রধান উপদেষ্টার কাছে আবেদন করছি আমাদের অষ্টম ও নবম শ্রেণীর সিলেবাস শর্ট করার জন্য।

শিক্ষার্থীদের পক্ষে নাইম বলেন, অষ্টম ও নবম শ্রেণীর শর্ট সিলেবাস জন্য আমরা মানববন্ধন করছি। অতি দ্রুত আমাদের বার্ষিক পরীক্ষার শর্ট সিলেবাস প্রকাশ না করা হয়। তাহলে আমরা রাজপথে কঠোর আন্দোলনে নামবো।

শিক্ষার্থীদের পক্ষে মাহিম বলেন, আমরা আমাদের এক দফা এক দাবি নিয়ে রাস্তায় নেমেছি। এতে অনেকে খারাপ বলবে, অনেকে ভালো বলবে। কিন্তু আমরা জানি এই শর্ট সিলেবাস আমাদের জন্য কতটা প্রয়োজন।